

তদন্ত প্রতিবেদন

তদন্তকারী কর্মকর্তার নাম - এ বি এম নকিবুল হাসান

পদবী -- উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীপুর, মাগুরা।

তদন্তের বিষয়: বরিশাট পূর্বপাড়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির সদস্য কর্তৃক আনিত অভিযোগের তদন্ত প্রতিবেদন।

সূত্র : উপজেলা নির্বাহী অফিসারের সংশ্লিষ্ট সভার রেজুলেশন -স্মারক নং ডকেট নং -৭৯৫ তারিখ ২৯/০৫/২০২২
অভিযোগ সমূহ :

- ০১) কমিটির ০৬ জন সদস্য ম্যানেজিং কমিটির সদস্য পদ থেকে পদত্যাগ করেছেন।
- ০২) ম্যানেজিং কমিটির সভাপতি -চৌধুরী রেজাউল হক মিন্টু সহিত সদস্যগণের কাজ করতে অসম্মতি জ্ঞাপন।
- ০৩) ম্যানেজিং কমিটি গঠনের পর হতে মাদ্রাসায় কোন সভা অনুষ্ঠিত হয় নাই।

উপরিউক্ত তদন্ত কার্যসম্পাদনের জন্য নিম্নস্বাক্ষরকারী তদন্তকারী কর্মকর্তা হিসেবে প্রতিষ্ঠান সরোজমিনে পরিদর্শন করেন। প্রয়োজনীয় নতিপত্র তলব ও যাচাই করেন এবং অভিযোগকারী গণের ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সহিত একান্তে ও প্রকাশ্যে আলোচনা ও মতবিনিময় করেন এবং অনুসন্ধান করেন।

পর্যবেক্ষণ : মাদ্রাসার ম্যানেজিং কমিটি গঠিত হয় ১৬/০২/২০২২ খ্রি; তারিখে। ম্যানেজিং কমিটি গঠনের পর হতে মাদ্রাসার রেজুলেশন বহিতে কোন সভা অনুষ্ঠিত হয় নাই। প্রতিষ্ঠান প্রধান মাদ্রাসার সুপার লিখিত ও মৌখিকভাবে অনুরূপ বক্তব্য প্রদান করেন।

ম্যানেজিং কমিটির অভিভাবক সদস্য -মো: ডাবলু শেখ, অভিভাবক সদস্য- মো: লাল মিয়া, মহিলা শিক্ষক প্রতিনিধি সদস্য -ফাতেমা খাতুন, শিক্ষক প্রতিনিধি সদস্য - মোঃ রাইসুল ইসলাম এবং ম্যানেজিং কমিটির সদস্য ববিতা খাতুন প্রত্যেকেই জানান তারা ম্যানেজিং কমিটির সদস্য পদ থেকে পদত্যাগ করেছেন। পদত্যাগের কারণ জানতে চাইলে তারা জানান ম্যানেজিং কমিটির সভাপতি -চৌধুরী রেজাউল হক মিন্টু এর অসহযোগিতার বিষয়টি উল্লেখ করেন। মাদ্রাসার সুপার জনাব নূরুদ্দীন মুধা জানান তিনিও ম্যানেজিং কমিটির সদস্য পদ থেকে পদত্যাগ করেছেন। কারণ হিসাবে তিনি প্রতিষ্ঠানের সার্বিক মঙ্গল ও উন্নয়নের কথা উল্লেখ করেছেন।

প্রাপ্ত অবস্থা : প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির সদস্য সংখ্যা ১০ জন। ১০ জনের মধ্যে ম্যানেজিং কমিটির ০৬ জন সদস্য পদ থেকে পদত্যাগ করেছেন। ০৪ জন সদস্য মতামত প্রদান থেকে বিরত থেকেছেন। ০৬ জন সদস্য ম্যানেজিং কমিটির সভাপতি -চৌধুরী রেজাউল হক মিন্টু এর অসহযোগিতার বিষয়টি উল্লেখ করেছেন এবং অনাস্থা জ্ঞাপন করেছেন। ম্যানেজিং কমিটি গঠনের পর হতে মাদ্রাসায় কোন সভা অনুষ্ঠিত হয় নাই।

তদন্তকারী কর্মকর্তার মন্তব্য ও তদন্তের ফলাফল : সংখ্যা গরিষ্ঠ ম্যানেজিং কমিটির ০৬জন সদস্য অনাস্থা জ্ঞাপন করে পদত্যাগ করেছেন। তদন্তে (১),(২),(৩) নং ক্রমিকের অভিযোগের সঠিকতা আছে বলে প্রমানিত হয়েছে।

উপজেলা নির্বাহী অফিসার
শ্রীপুর, মাগুরা।

(এ বি এম নকিবুল হাসান)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
শ্রীপুর, মাগুরা।